

# যুগান্তর

তারিখ - 13 JUN 2007 ...

পৃষ্ঠা ৩৬ কলাম ২

২৫

## ২৪৮ শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি

বন্ধ হয়ে যাবে শিক্ষকদের বেতন-ভাতা

### যুগান্তর রিপোর্ট

এবারের এস.এস.সি পরীক্ষায় ৮টি শিক্ষা বোর্ডের ২৪৮ শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি। তবে যশোর বোর্ডে এমন শিক্ষা প্রতিষ্ঠান নেই। একইসঙ্গে পাস করেনি এমন শিক্ষা

প্রতিষ্ঠানের শিক্ষকদের বেতন-ভাতা বন্ধ করে দেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষা নৃত্য মোমতাজুল ইসলাম।

মঙ্গলবার ঢাকা শিক্ষা-বোর্ডে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এ সম্পর্কে শিক্ষা সচিব আরও বলেন, জনগণের টাকায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর শতভাগ বেতন দেয়া হয়। কাজেই শিক্ষকদের পাঠদানে আগ্রহী হতে হবে। পাস করেনি এমন শিক্ষা প্রতিষ্ঠানের নব্বইটি বেতন-ভাতা বন্ধ কর্তার মীতিমালা করা হবে বলে তিনি জানান।

এবার ঢাকা বোর্ডের ১৫টি, ব্রাহ্মণসাহী বোর্ডের ১২টি, চট্টগ্রাম বোর্ডের ৩টি, বরিশাল বোর্ডের ১৯টি এবং মিলেট বোর্ডের ৩টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একেবারে পাস করেনি। এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৬৫টি এবং কারিগরি পাস : পৃষ্ঠা ২ : কলাম ১

### পাস : করেনি

(শেষ পৃষ্ঠার পর)

বোর্ডের ২৮টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে কেউ পাস করেনি।

গত বছর পাস করেনি এমন শিক্ষা প্রতিষ্ঠান ছিল ১৯৩টি। এর আগের বছর ৪২৪টি। ২০০৪ সালে এ সংখ্যা ছিল ৫৪৮। আর ২০০৩ সালে ছিল ৯৭৯।